



স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২১.৪১৬৫


তারিখঃ- ২২ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ  
০৭ অক্টোবর, ২০২১ খ্রিঃ

**“ Request for quotation(RFQ)”**

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক এলাকা পরিচালক নির্বাচন ও বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি ছাপানোর নিমিত্তে উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছেঃ-

ক্রমিক নং	মালামালের স্পেসিফিকেশন	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তিঃ ৯.৭৫ × ৭.৫ উন্নতমানের নিউজ প্রিন্ট কাগজে ০১ পৃষ্ঠা অফসেট ছাপা (নমুনা অনুযায়ী)	২,৬২,০০০ টি		
০২	এলাকা পরিচালক নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিজ্ঞপ্তিঃ ৯.৭৫ × ৭.৫ উন্নতমানের নিউজ প্রিন্ট কাগজে ০৪ (চার) পৃষ্ঠা অফসেট ছাপা (নমুনা অনুযায়ী)	১,১০,০০০ টি		
মোট =				

- ০১। দরপত্র সমূহ সীল মোহরযুক্ত খামে আগামী ১৪-১০-২০২১ ইং তারিখ দুপুর ১১:৩০ ঘটিকার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা অথবা (খ) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ১৪-১০-২০২১ ইং তারিখ বেলা ১১-৩৫ ঘটিকার সময় উল্লিখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ বার্ষিক সদস্য সভার ও এলাকা পরিচালক নির্বাচন বিজ্ঞপ্তি ছাপানোর দরপত্র” কথাটি লিখতে হবে। দরপত্রের একক ও মোট মূল্যে কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লুইড ব্যবহার করা যাবে না, অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স সনদ এর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ০৪। সমঝোতা জনকভাবে মালামাল সরবরাহের পর নিয়মানুযায়ী ভ্যাট এবং আয়কর কর্তন পূর্বক একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্নে ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ০৬। জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কোন ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।
- ০৭। মালামাল ছাপানোর পূর্বে সমিতি কর্তৃপক্ষকে প্রস্তুত প্রদর্শন করতে হবে এবং ছাপা কাজ মান সম্মত ও নমুনা অনুযায়ী না হলে গ্রহন করা হবে না।
- ০৮। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যদেশে উল্লিখিত মোট মূল্যের ০.১% বিলম্ব মাশুল হিসাবে প্রতিদিনের জন্য কর্তন করা হবে। তবে এ ধরনের কর্তন কার্যদেশে মূল্যের ১০%(দশশতাংশ) এর অধিক হবে না।
- ০৯। কার্যদেশের সময় মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে।
- ১০। দরপত্রে শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


  
(মোঃ এনামুল হক প্রামানিক)

সিনিয়র জেনারেল ম্যানেজার  
জয়পুরহাট পবিস

অনুলিপিঃ-( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহণের সদয় অনুরোধ করা হলো।)
- (২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো।)
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া।
- (৪) প্রশাসক, জেলা পরিষদ, জয়পুরহাট।
- (৫) জেলা প্রশাসক/পুলিশ সুপার, জয়পুরহাট।
- (৬) সিঃ জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..... পবিস-১/২/৩/৪,.....
- (৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, জয়পুরহাট।
- (৮) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত বিভাগ, জয়পুরহাট
- (০৯) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/কালাই/ক্ষেতলাল/পাঁচবিবি/আক্কেলপুর।
- (১০) মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
- (১১) ডেপুটি জেনারেল ম্যানেজার, কারিগরী/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই জপবিস।
- (১২) নোটিশ বোর্ড, জয়পুরহাট সদর অফিস, জপবিস।
- (১৩) মেসার্স .....

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের  
মাধ্যমে বহল প্রচারের  
জন্য অনুরোধ করা হলো।

  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
জয়পুরহাট পবিস